

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৬৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

## আরবী

عَن شُرَيْح بن هَانِئ عَن أبيهِ أَنَّهُ لَمَّا وَفَدَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «إِنَّ اللَّهَ هُوَ سَمِعَهُمْ يُكَنُّونَهُ بِأَبِي الْحَكَمِ فَدَعَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «إِنَّ اللَّهَ هُوَ الْحَكَمُ فَلِمَ تُكَنَّى أَبًا الْحَكَمِ؟» قَالَ: إِنَّ قَوْمِي إِذَا اخْتَلَفُوا فِي شَيْءٍ أَتَوْنِي فَحَكَمْتُ بَيْنَهُمْ فَرَضِي كِلَا الْفَرِيقَيْنِ بِحُكْمِي. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا أَحْسَنَ هَذَا فَرَضِي كِلَا الْفَرِيقَيْنِ بِحُكْمِي. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا أَحْسَنَ هَذَا فَمَا لَكَ مِنَ الْوَلَد؟» قَالَ: لِي شُرَيْحٌ وَمُسْلِمٌ وَعَبْدُ اللَّهِ قَلْنَ مُن الْوَلَد؟» قَالَ: لِي شُرَيْحٌ وَمُسْلِمٌ وَعَبْدُ اللَّهِ قَلْنَ مُن الْوَلَد؟» قَالَ قُلْتُ: شُرَيْحٌ. قَالَ فَأَنْتَ أَبُو شُرَيْحٍ . رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

### বাংলা

8৭৬৬-[১৭] শুরাইহ ইবনু হানী (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন, যখন তিনি তাঁর গোত্রের প্রতিনিধি দলের সাথে রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হলেন, তখন তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) শুনলেন যে, তাঁর গোত্র তাঁকে ''আবুল হাকাম'' (اَبُوْ الْحَکَمِ) উপনামে ডাকছে। রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে নিজের কাছে ডাকলেন এবং বললেনঃ আল্লাহ তা'আলাই ''হাকাম'' এবং হুকুম তো তাঁরই ইখতিয়ারাধীন। তুমি কেন ''আবুল হাকাম'' উপনাম গ্রহণ করেছ। তিনি জবাবে বললেনঃ আমাদের সম্প্রদায়ের লোকেদের যখন কোন ব্যাপারে মতানৈক্য হয়়, তখন তারা নিঃসন্দেহে আমার কাছে আসে এবং আমি তাদের মাঝে এমনভাবে ফায়সালা করি যে, তারা উভয় দলই সম্ভুষ্ট হয়ে যায় এবং আমার আদেশকে শিরোধার্য করে মেনে নেয়। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ কাজ খুব ভালো কাজ। তোমার কয়িটি সন্তান আছে? জবাবে তিনি (হানী) বললেনঃ আমার তিনটি ছেলে আছে- ১. শুরাইহ, ২. মুসলিম, ৩. 'আবদুল্লাহ। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এদের মধ্যে জ্যেষ্ঠ কে? তিনি বললেনঃ 'শুরাইহ''। তখন তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ঠিক আছে, তোমার উপনাম আবু শুরাইহ। (আবু দাউদ ও নাসায়ী)[1]

# ফুটনোট



[1] সহীহ: আবূ দাউদ ৪৯৫৫, নাসায়ী ৫৩৮৭, ইরওয়া ২৬১৫, সহীহুল জামি' ১৮৪৫, সহীহ আল আদাবুল মুফরাদ ৬২৭, সুনানুন নাসায়ী আল কুবরা ৫৯৪০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৯১৬, আল মুসতাদরাক ৬২, 'বায়হাক্কী'র কুবরা ২১০১৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আওনুল মা'বূদে বর্ণিত হাদীসে রয়েছে,

عن ابيه عن ابيه هانئ انه لما وفد إلى رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مع قومه سمعهم يكنونه بابى الحكم فدعاه رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال " ان الله هو الحكم واليه الحكم فلم تكنى ابا الحكم فقال ان قومى اذا اختلفوا فى شيئ اتونى فحكمت بينهم فرضى كلا الفريقين فقال رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الله عالم عن الولد قالي شريح ومسلم وعبد الله قال ومن اكبرهم قلت شريح قال فأنت ابو شريح "مارح"

অর্থাৎ- তার পিতা হানি হতে বর্ণিত, তিনি যখন রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তার সম্প্রদায়ের লোকেদের সঙ্গে আসলেন, তিনি তাদেরকে তাকে 'আবুল হাকাম' উপনামে আহবান করতে শ্রবণ করলেন। অতঃপর রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে ডাকলেন, আর তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, নিশ্চয় আল্লাহ তা আলাই হলেন الحكم (হাকাম) আর তার নিকটেই ফায়সালা الحكم (আবুল হাকাম) উপনামে ডাকা হয়। অতঃপর তিনি বললেন, নিশ্চয় আমার সম্প্রদায়ের লোকেরা যখন কোন বিষয়ে মতভেদ করেন। তখন তারা আমার কাছে আগমন করেন। অতঃপর আমি তাদের মাঝে সমাধান ও ফায়সালা প্রদান করি। অতঃপর উভয় দলের লোকেরা সম্ভুষ্ট হয়ে যায়। তারপর রস্লুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, এটা কতই না সুন্দর! তোমার কি সন্তান রয়েছে? তখন তিনি বললেন আমার সন্তান রয়েছে শুরাইহ, মুসলিম ও 'আবদুল্লাহ নামে (তিনজন)। তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাহলে তাদের মধ্যে বড় কে? আমি বললাম, শুরাইহ। তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, অতএব তুমি আৰু শুরাইহ। নাসায়ীতেও কিছু শান্দিক পরিবর্তনসহ হাদীস রয়েছে।

শিক্ষা : 'আবুল হাকাম' কারো নাম রাখা যাবে না এবং বড় সন্তানের নামের সঙ্গে উপনাম হওয়াটা উচিত। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯৪৭; শারহুন নাসায়ী ৪র্থ খন্ড, হাঃ ৫৪০২)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ শুরাইহ ইবনু হানী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন